

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৫২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২) নামায আদায় করার পর পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في انتظار الصلاة بعد الصلاة

আরবী

(حسن صحيح) وَعَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدرِيْ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَلا أَدُلُّكُمْ عَلَى مَا يُكَفِّرُ الله بِهِ الْخَطَايَا ، وَيَزِيدُ بِهِ فِي الْحَسَنَاتِ ؟ قَالُوا : بَلَى يَا رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ: إسْبَاغُ الْوُضُوءِ أو الطهور في الْمَكَارِهِ ، وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ، وَالصَّلَاةُ بَعْدَ الصَّلَاةِ، ومَا مِنْ أَحَدٍ يَخْرُجُ مِنْ بَيْتِهِ مُتَطَهِّرًا حتى يأتي المسجد فَيُصلِّي مَعَ الْمُسْلِمِينَ ، ثُمَّ يَنْتَظِرُ الصَّلَاةَ التي بعدها، إلا قالت الْمَلائِكَةُ: اللهُمَّ اغْفِرْ لَهُ اللهُمَّ ارْحَمْهُ

(رواه ابن ماجه وابن خزيمة وابن حبان في صحيحه واللفظ له والدارمي في مسنده)

বাংলা

৪৫২. (হাসান সহীহ্) আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "আমি কি তোমাদেরকে বলে দিব না কোন কাজ দ্বারা আল্লাহ্ পাপ মোচন করেন এবং নেকী বাডিয়ে দেন?"

তাঁরা বললেনঃ হ্যাঁ, হে আল্লাহর রাসূল!

তিনি বললেনঃ কষ্টের সময় পরিপূর্ণরূপে ওযু করা বা পবিত্রতা অর্জন করা, এই মসজিদের দিকে বেশী বেশী গমণ করা। এক নামায আদায় করা পর আরেক নামাযের জন্য অপেক্ষায় বসে থাকা। কোন ব্যক্তি নিজ গৃহে পবিত্রতা অর্জন করে যখন মসজিদে গমণ করে অতঃপর মুসলমানদের সাথে বা ইমামের সাথে নামায আদায় করে। অতঃপর সে পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করে, তাহলে ফেরেশতারা তার জন্য দু'আ করেঃ হে আল্লাহ্! তুমি তাকে ক্ষমা কর, হে আল্লাহ্ তাকে করুণা কর।"

(ইবনে মাজাহ ৪২৭, ইবনে খুযায়মা ১৭৭, ইবনে হিব্বান ৪০২, দারেমী হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন